মেহেরপুর সাবেক প্রধান শিক্ষক ইফতেখাইরুল ইসলামের ইন্তেকাল

মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ও সাবেক জেলা শিক্ষা অফিসার গাংনী বিশ্বাসপাড়া নিবাসী হাজী ইফতেখাইরুল ইসলাম ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮২ বছর।

আজ শনিবার দুপুরে বার্ধক্যজনিত কারণে তিনি মৃত্যুবরণ করেন। ইফতেখাইরুল ইসলাম স্ত্রী,৩ ছেলে, ২ মেয়েসহ অসংখ্য গুনাগ্রহী রেখে গেছেন। রাত ১০টার সময় গাংনী দারুল উলুম মাদ্রাসায় জানাজা শেষে দাফন সম্পন্ন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিনের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকালে মেহেরপুর সদর উপজেলা হলরুমে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এস এম জয়নুল ইসলামর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার (মেহেরপুর সদর) মোঃ আসাফুদৌলা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার (মেহেরপুর সদর) মোঃ জহুরুল হক, সোনালি ব্যাংক মেহেরপুর শাখার ম্যানেজার তৌহিদুল আলম।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক মোঃ সামসুল আরেফিন মোঃ

জাহিদুল ইসলাম, মোঃ নুরুল ইসলাম, শাহীন আক্তার, ইয়াছ নবী, সহিদুল ইসলাম, সহকারী শিক্ষক মামুনুর রহমান ও কমর উদ্দীন।

এসময় বিদায়ী উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দিন কে ক্রেস্ট, মানপত্র ও উপহার সামগ্রী প্রদান করা হয়।

মেহেরপুরে মায়ের হাত থেকে জীবনের নিরাপত্তা চেয়ে ছেলের সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা শহরের বড় বাজারের ‘মেহেরপুর বীজ ভান্ডারের’ মালিক মো. রাসেল আহমেদ মায়ের প্রতি অভিযোগ এনে নিজ জিবনের নিরাপত্তা চেেয়িআজ শনিবার মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেছে।

রাসেল অভিযোগ করেছেন মা ও আমার ছোট চাচা জয়নাল বিভিন্নভাবে তাকে হত্যা চেষ্টা করছে। ইতো মধ্যে কয়েকবার তাদের হত্যা চেষ্টা ব্যর্থ হয়েছে।

সংবাদ সম্মেলনে মায়ের কথা বলতে গিয়ে রাসেল ডুকরে কাঁদছিলেন। তিনি অভিযোগ করেন, তার মা রোকেয়া বেগমের ও তার ছোট চাচা জয়নাল হোসেনের মধ্যে সম্পর্ক রয়েছে।

রাসেল বলেন- বোন রাখি, ভগ্নিপতি মামুনুর রশীদ, ছোট চাচা জয়নাল হোসেন বিভিন্ন সময়ে তাকে হত্যা চেষ্টা করে। ২০২২ সালের ৮ জানুয়ারি বাবা মারা যায়। বাবার মৃত্যুও রহস্যজনক। বাবার মৃত্যুর দিনই আলমারীতে থাকা ৭২ লাখ টাকা, মাঠান ১১ বিঘা জমি ও বাড়ির জমির মূল্যবান কাগজপত্র, ব্যাংক লেনদেনের চেক ও জমাবই, স্বর্ণালংকারসহ মূল্যবান সামগ্রি নিয়ে জামাতার বাড়ি চলে যায়। জামাতার সাথেও মায়ের সম্পর্ক নিয়ে প্রশ্ন তোলেন রাসেল। ইতোমধ্যে মা কয়েকবিঘা জমি বিক্রি করে ফেলেছে। মান সম্মানের ভয়ে এসব কথা বাইরে বলতে পারিনা।

সুবিচার পেতে গত ডিসেম্বরে মেহেরপুর আদালতে একটি মামলা করেছে

রাসেল আহমেদ। বিভিন্ন সময়ে পুলিশ দিয়েও তাকে হয়রানী করা হয়। ৩ বছরের একমাত্র সন্তানের পিতা রাসেল বলেন- আমার সব সম্পত্তি নিয়ে নিলেও জীবনের নিরাপত্তা চাই। বাঁচতে চাই একমাত্র সন্তানের জন্য।

মেহেরপুর জেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত

গ্যাস, বিদ্যুৎ, চাল, ডাল, তেল, কৃষি উপকরণ, শিক্ষা উপকরণসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধির প্রতিবাদে ও গণতন্ত্র পূনরুদ্ধার এবং ফ্যাসিষ্ট সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবীতে মেহেরপুর জেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১ এপ্রিল) সকাল সাড়ে ১০ থেকে দুপুর ১টা পর্যন্ত জেলা বিএনপি কার্যালয়ের সামনে অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক (খুলনা বিভাগ) জয়ন্ত কুমার কুন্ডু ।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিণ্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাাডঃ মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লা বাবুল মাস্টার, যুগ্ম সম্পাদক ফয়েজ মহাম্মদ, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, গাংনী পৌর বিএনপির সাধারন সম্পাদক মকবুল হোসেন মেঘলা, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব

জাভেদ সেনজির প্রমুখ।

এছাড়াও অবস্থান কর্মসুচীতে বিএনপি ও অঙ্গ-সংগঠনের শতশত নেতাকর্মী উপস্থিত ছিলেন ।

মুজিবনগরে চুরির ৬ ঘন্টার মাথায় টাকাসহ আসামী আটক

মুজিবনগরে বেসরকারি এনজিও সংস্থা আশার শাখা ম্যানেজারের ভাড়া বাসা থেকে টাকা চুরি হওয়ার ৬ ঘন্টার মধ্যে ৩ আসামীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার রাত ১০ টার দিকে মেহেরপুরের অতিরিক্তা পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে পুলিশের একটি দল উপজেলার রামনগর গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করে। অভিযানে মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই উত্তম কুমার, এসআই সাহেব আলী, এসআই এসআই আশিক অংশ নেন। অভিযানে আসামী ৩ জনের বাড়ি থেকে নগদ ৫ লাখ৬৩ হাজার ৫০০ টাকা উদ্ধার করে পুলিশ।

আসামীরা হলেন, মুজিবনগর উপজেলার রামনগর গ্রামের আনারুল ইসলামের ছেলে সাম্মু (১৮), একই গ্রামের মৃত আনারুলের মারুফ(২১) ও হিসাব আলীর ছেলে রুবেল (২০)।

জানা গেছে, আশা এনজিও মুজিবনগর শাখা ব্যবস্থাপক আক্তারুজ্জামান মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে শাহিনের বাড়িতে ভাড়ায় বসবাস করেন। শুক্রবার বিকালে ৪টার দিকে ৩ যুবক মোটরসাইকেল যোগে তার ভাড়া বাড়িতে গিয়ে তার ছেলে সালমান সাদিকের হাতে এবং গলায় ছুড়ি দিয়ে আঘাত করে ঘরের টেবিল, চেয়ারের সাথে গামছা দিয়ে হাত, পা এবং মুখ বেধে রাখে। পরে শোয়ার ঘরের আলমারিতে রাখা নগদ ৭ লাখ ৮০ হাজার টাকা চুরি করে পালিয়ে যায়। ঘটনার পরপরই ব্যবস্থাপক জানতে পেরে মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ করেন।

মুজিবনগর থানা সেকেন্ড অফিসার এসআই উত্তম কুমার জানান, ঘটনায়

অজ্ঞাতনামা আসামীদের সনাক্ত করে ন্যূনতম সময়ের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন (সার্কেল) স্যারের নেতৃত্বে অভিযান চালিয়ে আসামীদের গ্রেপ্তার করতে সক্ষম হয়। তাদের তিন জনের বাড়ি থেকে নগদ ৫ লাখ ৬৩ হাজার ৫০০ টাকা, একটি মোবাইল ফোন এবং চুরি কাজে ব্যাবহৃত একটি মটরসাইকেল জব্দ করা হয়েছে। আসামিদের শনিবার সকালে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুরের শ্যামপুর গ্রামের আব্দুল হান্নানের অত্যাচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের আব্দুল হান্নানের অত্যাচার ও নিপীড়নের হাত থেকে রক্ষা পেত গ্রামবাসীর সংবাদ সম্মেলন।

গতকাল শুক্রবার সকালে মেহেরপুর কমিিউনিট সেন্টার প্রাঙ্গনে ভুক্তভোগী গ্রামবাসীরা এই সংবাদ সম্মেলন করেন।

এ সময় গ্রামবাসীরা অভিযোগ করে বলেন, আব্দুল হান্নান একজন ভূমিদস্যু, সন্ত্রাসীর মদদাতা এবং অত্যাচারি প্রকৃতির লোক। সে গ্রামের শত শত লোকের ভূমি দখল করে রেখেছে এবং তার প্রতিবাদ করতে গেলে মিথ্যা মামলা দিয়ে হয়রানি গৃহহারা ও সর্বস্বান্ত করার হুমকি দেয়। তার অত্যাচার থেকে গ্রামবাসী রক্ষা পেতে চায়।

মেহেরপুর শহরের নতুন পাড়ার ড্রেন ও রাস্তা সংস্কার কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের নতুন পাড়ায় প্রায় ২ কোটি টাকা ব্যয়ে ড্রেন ও রাস্তা সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার দুপুরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এ কাজের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর, ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, ১.২.৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা কাউন্সিলর দিল আফরোজ জোসনা, নতুন পাড়া জামে মসজিদের সভাপতি তানসেন, পেশ ইমাম আনিসুর রহমান সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এ সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, ১ নম্বর ওয়ার্ড আমার ওয়ার্ড। এই ওয়ার্ড এর সন্তান আমি । এই ওয়ার্ডের যতগুলো কাজ অসম্পূর্ণ আছে সব কাজগুলোই ঈদের পর থেকে শুরু করবো। এছাড়া পৌরসভা অন্যান্য এলাকায় যে কাজগুলো বাকি রয়েছে সব কাজ দ্রুত করা হবে।

মুজিবনগরে ৩ সাংবাদিকের বিরুদ্ধে ইউপি মেম্বরের মামলা

প্রথম আলোর সাংবাদিক সামসুজ্জামান শামসকে আটকের জেরে বাংলাদেশসহ বিভিন্ন দেশে যখন নিন্দার ঝড় বইছে ঠিক সেসময়ে মেহেরপুরের মুজিবনগরে সংবাদ প্রকাশের জেরে তিন সাংবাদিককের নামে মানহানি মামলা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার মুজিবনগরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আমলী আদালতে এ মামলা দায়ের করেন মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড সদস্য আব্দুর রাকিব। মামলায় আসামি করা হয়েছে জবাবদিহির মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, মাথাভাঙ্গার মুজিবনগর প্রতিনিধি শেখ শফি এবং সময়ের সমিকরণের মুজিবনগর প্রতিনিধি সোহাগ মণ্ডলকে।

গত ২৫ মার্চ ঢাকা থেকে প্রকাশিক জবাবদিহি, চুয়াডাঙ্গা থেকে প্রকাশিক মাথাভাঙ্গা ও সময়ের সমিকরণে সাংবাদিকদের নাম ভাঙিয়ে টিসিবি পন্য নিলেন ইউপি সদস্য রাকিব’ শিরোনামসহ ভিন্ন শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। ওই সংবাদের জের ধরে তিনি ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দাবী করে সাংবাদিকদের বিরুদ্ধে তিনি এ মামলা করেন। মামলাটি আমলে নিয়ে বিজ্ঞ বিচারক পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

মামলার এজাহারে বাদীর অভিযোগ, আসামীরা মানহানীকর, মান সম্মানহানীকারী ব্যক্তি। তিনি একজন একজন সমাজপতি এবং স্থানীয় ইউ.পি সদস্য এবং তিনটি স্কুলের সহ- সভাপতি। তিনি বাগোয়ান ইউনিয়নের ৫নং ওয়ার্ড আওয়ামী লীগেরও সভাপতি। এছাড়াও তিনি ১৫টি প্রতিষ্ঠানের সাথে জড়িত বলে দাবী করেছেন।
তিনি এজাহারে আরো উল্লেখ করেছেন, আসামীরা তার মান সম্মানের ক্ষতি করার জন্য যে কোন সময় যে কোন স্থানে কটূক্তি ও কুরুচি কথাবার্তা বলে বেড়াচ্ছে। আসামীরা নিজেদের সাংবাদিক পরিচয় দিয়ে বিভিন্ন মহলে চাঁদাবাজী করে এবং নিরীহ লোকজনের মান সম্মানের ক্ষতি করে। বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৫ ও ৬ নং ওয়ার্ড ঢোলমারী ও রতনপুর, বল্লভপুরে ও বাগোয়ান ওবায়দুল ইসলাম (সোনার) আম বাগানে কম মূল্যে টিসিবির মালামাল বিক্রয় করা হচ্ছিল। আমি কখনো টিসিবি’র মালামাল ক্রয় না করা সত্ত্বেও আসামীরা সংবাদ প্রকাশ করে।

যে সংবাদের কারণে মানহানি মামলা তা পাঠকের উদ্দেশ্যে তুলে ধরা হলো

মুজিবনগরে সাংবাদিকদের নাম করে টিসিবি’র পণ্য উত্তোলন করেছে ইউপি সদস্য রকিব হোসেন। শুক্রবার সকালে বাগোয়ান গ্রামে টিসিবি পণ্য বিতরন চলাকালীন সময়ে কার্ড না দিয়ে সাংবাদিকদের নাম করে ৫টি পণ্য উত্তোলন করেন তিনি। অথচ সেই পণ্যের বিষয়ে সাংবাদিকদের অবহিত করা হয়নি। পরে সাংবাদিক সোহাগ মন্ডলসহ অন্যান্য

সাংবাদিকরা সেখানে গেলে সাংবাদিকদের নামে ইউপি সদস্য রকিব হোসেন ৫ জনের জন্য টিসিবি পণ্য নিয়েছেন বলে জানান টিসিবি’র ডিলার রিপন আলী। ইউপি সদস্যের এমন কর্মকান্ডে নিন্দা প্রকাশ করেছেন স্থানীয় সাংবাদিকরা। এছাড়ার দীর্ঘ সময় লাইনে দাড়িয়ে থেকেও পণ্য না পাওয়া এবং স্বজনপ্রীতি করে লাইনের বাইরে পণ্য দেওয়ার অভিযোগও অনেকের। অভিযোগ রয়েছে, টিসিবি’র পণ্য নিতে আসা কার্ডধারী নিম্নআয়ের সাধারন মানুষ ভোর রাত থেকে লম্বা দীর্ঘ লাইনে সারাদিন দাড়িয়ে থেকেও পাচ্ছে না একটি পণ্য। যাদের কিনা এই পণ্যটি খুবই প্রয়োজন। বেশি টাকা দিয়ে তেল, চিনি কেনার সক্ষমতা তাদের নেই।

তবুও নিম্নআয়ের ব্যাক্তিদের মিলছে না পণ্য। অথচ পিছন দিক দিয়ে পণ্য পার হচ্ছে অন্যদের হাতে। টিসিবি পণ্য কিনতে আসা নাছিরন নেছা জানান, দোকানে তেল চিনি কিনতে অনেক টাকা লাগে। কিন্তু এখানে সেটা ন্যায্য মূল্যে পাচ্ছি। তবে এখানে পণ্য নিতে এসে সেই ভোর রাত থেকে লাইনে দাড়িয়ে থাকতে হয়। তারপরেও কিছু কিছু দিন পণ্য না পেয়ে খালি হাতে বাড়ি ফিরতে হয়। আরেকজন পণ্য ক্রেতা জানান, এর আগেরবার টিসিবি পণ্য নিতে এসেছিলাম। সারাদিন লাইনে দাড়িয়ে থাকার পর পণ্য শেষ হয়ে যাওয়ায় বাসায় চলে গিয়েছিলাম। আজকেও এসেছি, সকাল থেকে লাইনে দাড়িয়ে আছি। কিন্তু পাশে থেকে মানুষ এসে ২/৩টা করে টিসিবি’র পণ্য নিয়ে যাচ্ছে।

টিসিবি’র পণ্য নিতে আসা কার্ডধারী নিম্নআয়ের সাধারন মানুষ ভোর রাত থেকে লম্বা দীর্ঘ লাইনে সারাদিন দাড়িয়ে থেকেও পাচ্ছে না একটি পণ্য। যাদের কিনা এই পণ্যটি খুবই প্রয়োজন। বেশি টাকা দিয়ে তেল, চিনি কেনার সক্ষমতা তাদের নেই। তবুও নিম্নআয়ের ব্যাক্তিদের মিলছে না পণ্য, অথচ পিছন দিক দিয়ে পন্য পার হচ্ছে অন্যদের হাতে।

টিসিবি’র ডিলার রিপন আলীর সাথে যোগাযোগ করলে তিনি জানান, রকিব মেম্বার সাংবাদিকদের নামে ৫টি পণ্য নিয়ে গেছে। পরে সাংবাদিকরা ঘটনাস্থলে আসলে তাদের কাছ থেকে জানতে পারি তারা পণ্যের নেওয়ার বিষয়ে কিছুই জানেন না। একজন জনপ্রতিনিধি এধরণের প্রতারণা করে পণ্য নিয়ে যাবে ভাবতে পারিনি।

এবিষয়ে জানতে রকিব মেম্বারের ০১৯৭১৯০১২১০ নম্বরে যোগাযোগ করলে তার ফোনটি বন্ধ পাওয়া যায়।

বামন্দীতে গাঁজাসহ আটক ২

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী পশুহাট এলাকা থেকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ দুইজনকে আটক করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলের দিকে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল এ অভিযান পরিচালনা করে।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের আমিরুল ইসলামের ছেলে আসলাম উদ্দিন (৪৫) এবং একই গ্রামের রিয়াজুদ্দিনের ছেলে আরশেদ আলী (২৮)।

গাংনী থানাধীন বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদ ভিত্তিতে অভিযান চালিয়ে বামন্দী পশুহাট এবং নওদা ছাতিয়ানের মাঝামাঝি এলাকা থেকে দুজনকে ১৫০ গ্রাম গাঁজা সহ আমরা আটক করি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে তাদের আদালতে পাঠানো হবে।

বামন্দী ইউপির চেয়ারম্যান কমলের সহোযোগিতায় ঢেউটিন পেলেন আব্বাস

পাটকাঠির বেড়া দিয়ে ঘেরা ঘরের উপর পলিথিন দিয়ে কোনরকম রোদবৃষ্টিকে উপেক্ষা করে বসবাস দীর্ঘদিনের অসুস্থতার কারণে চেষ্টা করেও ঘরের জীর্ণশীর্ণতা দূর করতে পারেনি মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবিপুর গ্রামের দক্ষিণ পাড়ার আব্দুল জলিলের পুত্র আব্বাস আলী।

কাঠফাটা রোদে পুড়ে আর বৃষ্টি বাদলে ভিজে বসবাস। যদি কখনো শিলাবৃষ্টি হয় তবে তো কোন কথায় নেই নতুন করে আবার পাটকাঠির ঘরে দিতে হয় পলিথিনের ছাউনি।

এমনই এক পরিস্থিতির মধ্যে দিয়ে দিন কাটানোর কথা শুনে চলতি মাসের গেল (২১শে মার্চ) তারিখে বামন্দী ইউনিয়নের দেবিপুর দক্ষিণ পাড়ায় আব্বাস আলীর ঘর দেখতে যায় ঐ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল।

নিজ চোখে দেখে আসেন অসুস্থ আব্বাস আলীর দুরবস্থা। আশ্বাস দেন আব্বাস আলীর নতুন ঘর করে দেওয়ার। তারই ধারাবাহিকতায় বৃহস্পতিবার আব্বাস আলীকে বামন্দী বাজার থেকে ঘর মেরামত করতে প্রয়োজন পরিমাণ ঢেউটিন কিনে দেন চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল।

ঢেউটিন পেয়ে আবেগাপ্লুত হয়ে আব্বাস আলী বলেন, আমি সংসার জীবনে একসময় স্বচ্ছলতা ছিলো কিন্তু দুরারোগ্য ব্যাধীর কারণে এখন অসহায়ত্বর বোঝা বইতে হচ্ছে। অনেকদিন চেষ্টা করেও পাটকাঠির ঘর পরিবর্তন করতে পারিনি। চেয়ারম্যান জানতে পেয়ে আমাকে ঘর মেরামত করতে টিন কিনে দিলেন এবং সবসময় সহোযোগিতা করার কথা বলেছেন।

বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল বলেন, আমার ইউনিয়নে আব্বাস আলীর মতো কোন মানুষ যদি অসহায় অবস্থায় থাকে তবে আমি জানলে তার পাশে সার্বিক সহোযোগিতা নিয়ে দাঁড়াবো।